

বিশ্বকর্মা পূজোর উদ্বোধন করে শিল্পসংস্থাগুলির প্রশংসা মন্ত্রীর করোনা আবহেও হলদিয়া শিল্পাঞ্চলে কোনও শ্রমিক ছাটাই হয়নি : শুভেন্দু

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া :
অতিমারি পরিস্থিতিতেও হলদিয়ায় সব
শ্রমিক কাজের সুযোগ পেয়েছেন।
পেয়েছেন পুরো বেতন। এই অতিমারি
পর্বে পূর্ব মেদিনীপুরে এ পর্যন্ত মৃত্যুর
হার এক শতাংশের কম। বুধবার রাতে
হলদিয়া বন্দরে ১২ নম্বর বার্থ
অপারেটর টাটা ম্যাট্রেড ইন্টারন্যাশনাল
লজিস্টিক

লিমিটেড

(টিএমআইএলএল) বিশ্বকর্মা পূজো
উদ্বোধন করে এমনই বার্তা দিলেন
রাজ্যের পরিবহণ, সেচ ও জল সম্পদ
উন্নয়নমন্ত্রী, তথা হলদিয়া উন্নয়ন পর্যদের
চেয়ারম্যান শুভেন্দু অধিকারী। এদিন
টাটা গ্রুপের এই সংস্থার বিভিন্ন সমাজ
সেবামূলক কাজেরও তারিফ করেছেন
মন্ত্রী। তিনি বলেন, “অতিমারি পর্বে
হলদিয়ায় কোনও শ্রমিক ছাটাইয়ের
ঘটনা নেই। কোনও শ্রমিকের বেতনও
কাটা হয়নি। সেজন্য হলদিয়ার সমস্ত

শিল্প সংস্থা কিংবা ব্যবসায়িক
প্রতিষ্ঠানকে ধন্যবাদ প্রাপ্য। কোভিড
পুলিশ ভীষণ ভাল কাজ করেছে। এই
পরিস্থিতিতে সকলের সহযোগিতা
ছিল বলেই পূর্ব মেদিনীপুরে ৯০
শতাংশ মানুষকে সুস্থ করে বাড়ি
ফেরানো সম্ভব হয়েছে। সেই নিরিখে
মৃত্যুর হার এক শতাংশেরও কম। এমন
কোভিড পরিস্থিতি হলদিয়ায় বিশ্বকর্মা
পূজোতে প্রভাব ফেলেছে। তবুও বলব
স্বাস্থ্য সুরক্ষার স্বার্থে এটা মেনে
নেওয়া বাঞ্ছনীয়। আমরা স্প্যানিস ফ্লু,
সার্স, ইবোলা’র মতো কোভিডকে
হারিয়ে জয়ী হব।”

এদিন টিএম আই এলএল সংস্থার
কাজে সন্তোষ প্রকাশ করেছেন মন্ত্রী।
বন্দরে ব্যবসায়িক কাজের নিরিখে এই
সংস্থা এগিয়ে রয়েছে। সামাজিক
কল্যাণে তারা নানা পদক্ষেপ নিয়েছে
বলে জোরের সঙ্গে জানিয়েছেন মন্ত্রী।



টিএমআইএলএল-এর বিশ্বকর্মা পূজোর উদ্বোধনে মন্ত্রী শুভেন্দু অধিকারী।

—রঞ্জন মাইতি

তিনি বলেন, “টিএমআইএলএল হলদিয়া
বন্দরে একটি লাভজনক সংস্থা। বন্দরে
তারা কার্গো বাড়িয়েছে। এই ব্যবসায়িক
কাজের পাশপাশি হলদিয়া হাসপাতালে
চল্লিশ লাখ টাকা খরচে শিশু বিভাগের
উন্নতি করেছে। বহু সংস্থাকে
অ্যাডাল্ট দিয়েছে।”

হলদিয়া পুরসভার চেয়ারম্যান
শ্যামলকুমার আনক বলেন,
“টিএমআইএলএল কেবল ব্যবসা করে
না। তারা নানা সামাজিক কাজে
মানুষের পাশে দাঁড়ায়।” কোভিড
পরিস্থিতিতে ঝুঁকি নিয়ে স্টিল রফতানি
করার কথা শোনালেন সংস্থার
জেনারেল ম্যানেজার দেবদীপ্ত সামন্ত।
হলদিয়া পুরসভার চেয়ারম্যান-ইন-
চার্জ(স্বাস্থ্য) আজিজুল রহমান,
এসডিপিও তম্বর মুখোপাধ্যায়, আইসি
হলদিয়া কুদরতি খোলা প্রমুখ উপস্থিত
ছিলেন এদিনের সভায়।